প্রথম আলো

তারিখ ........ 10 AUG 2009
পৃষ্ঠা ........ কলাম ........

### আন্তর্জাতিক আদিবাসী দিবস পালিত

# পঞ্চম শ্রেণী পর্যন্ত মাতৃভাষায় পড়ার দাবি আদিবাসীদের

বিশাল বাংলা ডেস্ক ●

বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল রোববার দেশের বিভিন্ন স্থানে আন্তর্জাতিক আদিবাসী দিবস পালিত হয়েছে। পার্বত্য শান্তিচুক্তির পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং আদিবাসীদের সাংবিধানিক স্বীকৃতির দাবি জানিয়েছেন আদিবাসী সংগঠনের নেতারা। আমাদের নিজস্ব প্রতিবেদক, আঞ্চলিক কার্যালয় ও প্রতিনিধিদের পাঠানো খবর :

**রাঙামাটি :** পার্বত্য শান্তিচুক্তির পূর্ণাঙ্গ বাস্তবায়ন এবং আদিবাসীদের সাংবিধানিক স্বীকৃতির দাবিতে রাঙামাটি শহরসহ জেলার বিভিন্ন উপজেলায় আন্তর্জাতিক আদিবাসী দিবস উদ্‌যাপিত হয়েছে। আদিবাসীদের ঐতিহ্যবাহী খেলাধুলা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, পিঠা উৎসব, শোভাযাত্রাসহ নানা বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়। শহরের আন্তর্জাতিক আদিবাসী দিবস উদ্‌যাপন কমিটি আলোচনা সভা ও বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করে। রাঙামাটি জেলা পরিষদের চেয়ারম্যান নিখিল কুমার চাকমা আদিবাসী দিবসের অনুষ্ঠানসূচির উদ্বোধন করেন। এরপর পৌরসভা চত্বরে সকাল ১০টায় কমিটির আহ্বায়ক প্রকৃতি রঞ্জন চাকমার সভাপতিত্বে আলেচনা সভা হয়। এ ছাড়া জেলার জুরাছড়ি, বরকল, বিলাইছড়ি উপজেলায়ও বিভিন্ন বেসরকারি সংস্থার উদ্যোগে আদিবাসী দিবস উদযাপন করা হয়েছে।

**রাজশাহী :** 'সেরবে রেবের সেবের সেই হর হপন মিদসাঁও' (আদিবাসী জেগেছে রাস্তায় নেমেছে) সাঁওতালি ভাষায় এই স্লোগান সামনে রেখে আদিবাসীরা তাদের নিজস্ব স্বকীয়তায় দিবসটি পালন করেছে। জেলার গোদাগাড়ী উপজেলার কাকনহাটে শোভাযাত্রায় সাঁওতাল নারী-পুরুষেরা আদিবাসীদের অধিকার ও স্বীকৃতির দাবি তোলে। সকালে বিভিন্ন আদিবাসী সংগঠন কাকনহাট পৌরসভা চত্বর থেকে ঢোল-মাদল, তীর-ধনুক নিয়ে শোভাযাত্রায় অংশ নেয়। এরপর আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। সভায় আদিবাসীরা তাদের মাতৃভাষা ও সাংস্কৃতিক অধিকার, পঞ্চম শ্রেণী পর্যন্ত তাদের মাতৃভাষায় লেখাপড়ার সুযোগ ও আদিবাসী হিসেবে সাংবিধানিক স্বীকৃতির দাবি জানায়। এ ছাড়া তানোরের ভীমপুরে পৃথকভাবে দিবসটি পালিত হয়েছে।

**মৌলভীবাজার :** অন্তপুষ্টি আদিবাসী সংগঠন কুবরাজের উদ্যোগে গতকাল রোববার কুলাউড়ায় আন্তর্জাতিক আদিবাসী দিবস উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা হয়। স্থানীয় জনমিলন কেন্দ্রে কুবরাজের সহসভাপতি প্রত্যুষ আশাক্রার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন সাংসদ নওয়াব আলী আব্বাস খান। বিশেষ অতিথির বক্তব্য দেন কুলাউড়া উপজেলার চেয়ারম্যান আবদুল মতিন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান আ স ম কামরুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া আক্তার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফারুক আহমদ খান, কর্মধা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুস শহীদ, কুবরাজের সেক্রেটারি ফ্লোরা বাবলী তালাং ও উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা সেলিনা ইয়াসমিন।

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) :** বৃহত্তর সিলেট আদিবাসী ফোরাম নানা কর্মসূচির মধ্য দিয়ে শ্রীমঙ্গলে দিবসটি পালন করেছে। সকালে স্থানীয় ভিক্টোরিয়া উচ্চবিদ্যালয় খেলার মাঠ থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। আদিবাসী চা-জনগোষ্ঠী, ত্রিপুরা, মনিপুরি, সাঁওতালসহ আরও কয়েকটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হাজার তিনেক প্রতিনিধি তাদের নিজস্ব পোশাকে, বর্ণিল সাজে শোভাযাত্রায় অংশ নেয়।